

তথ্য কমিশনে শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ০৮টি অভিযোগের শুনানীশেষে ০৪টি অভিযোগের নিষ্পত্তি করা হয়। ০৪টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয়। এছাড়া ০৪টি গ্রহণযোগ্যতা বিষয়ক অভিযোগেরও শুনানী করা হয়।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের পরিচালক(জোন-৫), বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপকের কার্যালয়ের(পাকশী) বিভাগীয় সংস্থাপন কর্মকর্তা, কিশোরগঞ্জ নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ের বিক্রয় ও বিতরণ বিভাগের নির্বাহী প্রকৌশলী এবং ঢাকার আগারগাঁও সমবায় অধিদপ্তরের জেলা সমবায় কর্মকর্তার বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়।

অন্যদিকে লক্ষ্মীপুর জেলা প্রশাসক কার্যালয়ের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, কুমিল্লা দাউদকান্দির

ইলিয়টগঞ্জ ইউনিয়ন পরিষদের সচিব, কুমিল্লার চলন মহাবিদ্যালয়ের অধ্যক্ষ এবং যশোর বাঘারপাড়া উপজেলা মৎস কর্মকর্তার বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়।

শুনানীতে অংশ নেন প্রধান তথ্য কমিশনার অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান এবং তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার।

স্বাঃ-

(লিটন কুমার প্রামানিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-9137332

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd